

৪৬

জিএমসি

ঢেলে সাজানো হচ্ছে ইউসিজি : লুৎফ আলী নয়া সচিব

নিজস্ব বার্তা পরিবেশক

বিশুবিদ্যালয় মঞ্জুরি-কমিশনের (ইউজিসি) অভ্যন্তরীণ প্রশাসন খেলে সাজানোর প্রক্রিয়া শুরু হয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে কমিশনের নতুন সচিব হয়ে যোগদান করেছেন ড. লুৎফ আলী। এর আগে গত ২৭ আগস্ট সচিব মোহাম্মদ মোসাদ্দেককে বদলি করে কমিশনের পরিকল্পনা বিভাগের পরিচালক করা হয়েছে। লুৎফ আলীকে তার স্থপতি নিত করা হয়। দিন কয়েকের মধ্যে আরও কয়েকজন কর্মকর্তাকে বদলি
ডেস : পৃঃ ১১ কঃ ৬

ঢেলে : ইউজিসি (১২ পৃষ্ঠার পর)

করা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। দেশে জরুরি অবস্থা জারির পর সরকারি ওরুতপূর্ণ সংস্থার কর্মকাণ্ড গতিশীল করা এবং জোট সরকারের সময়ে দলীয় পরিচয়ে নিয়োগ পাওয়া কর্মকর্তাদের বাদ দেয়ার প্রক্রিয়ার অংশ হিসেবে বিশুবিদ্যালয় মঞ্জুরি কমিশনে ব্যাপক পরিবর্তন আনা হয়। প্রথমে এর চেয়ারম্যান পদে বসানো হয় শিফারিস্ অধ্যাপক নজরুল ইসলামকে। এরপর কমিশনের ৪ জন সদস্যকেও পরিবর্তন করা হয়। তারা সবাই জোট সরকারের আশীর্বাদপুষ্ট হিসেবে জোটের পক্ষে কাজ করতেন বলে ব্যাপক অভিযোগ ছিল। এরপর কমিশনের অভ্যন্তরীণ প্রশাসনকেও ঢেলে সাজানোর সিদ্ধান্ত নেয়া হয়। তারই অংশ হিসেবে পরিচালকদের বদলি করা হচ্ছে।

বিশুবিদ্যালয় মঞ্জুরি কমিশন সূত্রে আরও জানা গেছে, গত জোট সরকারের সময় তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিয়োগে বিভিন্ন অনিয়ম হয়েছে। এ ব্যাপারে যারা ক্ষতিগ্রস্ত ছিলেন তাদের বিরুদ্ধে তদন্ত এবং ক্ষতিগ্রস্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। কমিশনের স্বচ্ছতা ও জবাবদিহিতা আরও বাড়ানোর লক্ষ্যে অভ্যন্তরীণ পদগুলোতে ব্যাপক রদবদল হবে বলে সূত্র জানায়।